

## এ্যাম্বুলেন্স ব্যবহার সম্পর্কিত নীতিমালা

বরাত :

ক। ৪৭ তম ইসি সভার সিন্ধান্ত অনুযায়ী ১৬ এপ্রিল ২০২২।

১। সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বারিধারা ডিওএইচএস এর সম্মানিত বাসিন্দাগণের চিকিৎসার সুবিধার্থে শুধুমাত্র ঢাকা শহরের মধ্যে দিবারাত্রি ২৪ ঘন্টা যাতায়াতের জন্য এ্যাম্বুলেন্স সার্ভিস পরিষদের মেডিকেল সেন্টারের তত্ত্বাবধানে চালু রয়েছে। এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদানের ব্যাপারে এই নীতিমালা কঠোরভাবে অনুসরণ করা হবে। উক্ত এ্যাম্বুলেন্স সার্ভিস এর সময়সূচী ও ভাড়ার হার নিম্নরূপ :

ক। যদি কেহ একক/ একাধিকবার ঢাকা সিএমএইচ যাওয়া আসা করতে চান তাহলে প্রতিবার যাওয়া আসার জন্য তাকে ২০০.০০ (দুইশত) টাকা প্রদান করতে হবে এবং প্রতি ঘন্টা অবস্থানের জন্য ৩০.০০ (ত্রিশ) টাকা করে অর্থ পরিশোধ করতে হবে।

খ। বিমানবাহিনী এবং নৌবাহিনীর অফিসারবৃন্দ স্ব-স্ব এমআই রুম হতে চিকিৎসা গ্রহনের প্রয়োজন হলে আসা যাওয়া বাবদ ২০০.০০ (দুইশত) টাকা প্রদানসহ প্রতি ঘন্টা অবস্থানের জন্য ৩০.০০ (ত্রিশ) টাকা হারে প্রদান করতে হবে।

গ। বারিধারা ডিওএইচএস এলাকা হতে সেনানিবাসের যে কোন হাসপাতালে, ইউনাইটেড ও কুর্মিটোলা হাসপাতালে (বেসামরিক হাসপাতাল) যাতায়াতের জন্য প্রতিবার ৩০০.০০ (তিনিশত) টাকা এবং প্রতি ঘন্টা অবস্থানের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে অর্থ পরিশোধ করতে হবে।

ঘ। ঢাকা শহরের অন্যান্য হাসপাতালে গমনের জন্য প্রতি কিলোমিটার ৩০.০০ (ত্রিশ) টাকা হারে প্রদান করতে হবে তবে ৫০০.০০ (পাঁচশত) টাকার নীচে নহে এবং প্রতি ঘন্টা অবস্থানের জন্য ১০০.০০ (একশত) টাকা হারে প্রদান করতে হবে। হাসপাতালে যেয়ে এ্যাম্বুলেন্স ছেড়ে দিলেও ডিওএইচএস এ আসার জন্য সর্বমোট চালিত কিলোমিটার অনুযায়ী অর্থ পরিশোধ করতে হবে।

ঙ। অর্থ পরিশোধ করার পর টাকা প্রাপ্তি রশিদ অবশ্যই সংগ্রহ করতে হবে এবং রেজিস্টারে লিপিবদ্ধ করে স্বাক্ষর করতে হবে।

চ। শুক্ৰবার সাপ্তাহিক ছুটি হিসাবে এ্যাম্বুলেন্স বন্ধ থাকবে। জরুরী প্রয়োজনে ড্রাইভার প্রাপ্তি সাপেক্ষে ব্যবহার করা যেতে পারে, তবে সেক্ষেত্রে ব্যবহৃত সময়ের জন্য এ্যাম্বুলেন্স ভাড়াসহ প্রতি ঘন্টা হিসাবে ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে ড্রাইভারকে ওভার টাইম প্রদান করতে হবে।

ছ। এ্যাম্বুলেন্সে লাশ বহন/ সংক্রমিত ব্যাধি রোগী বহন করা যাবে না ও ঢাকা শহরের বাইরে নেয়া যাবে না।

জ। রোগী ছাড়া যথাযথ অনুমতি ব্যতীত প্রসাশনিক কাজে এ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না।

ঝ। এ্যাম্বুলেন্স বুকিং করে যদি ব্যবহার করা না হয়, সেক্ষেত্রে ৩ ঘন্টা পূর্বে পরিষদ অফিস অথবা ড্রাইভারকে অবহিত করতে হবে।

২। কার্যকর ১ লা জুলাই ২০২২ হতে।

৩। তথ্য ও বুকিং এর জন্য এ্যাম্বুলেন্স ড্রাইভার (মোবাইল ০১৮৪৭২১৭০৫৭) অথবা সার্ভিস সেন্টার (মোবাইল ০১৮৪৭২১৭০৬২) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ)

ভারপ্রাপ্ত সেক্রেটারী